
# নারীদের মর্যাদা ও অধিকার নিশ্চিতে কাজ করছে সরকার: রিজভী




বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

নারীদের মর্যাদা প্রদান ও আইনি অধিকার নিশ্চিতে কাজ করছে বর্তমান সরকার। এমন মন্তব্য করেছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী। বলেন, সমাজ থেকে সব ধরনের অপকর্ম মুছে দেবে বিএনপি সরকার।

আজ শনিবার (১২ সেপ্টেম্বর) সকালে রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে জাতীয়তাবাদী মহিলা দলের প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, সমাজে নুসরাত-তনু হত্যার মতো কোনো ঘটনা নেই এখন। এটিই বর্তমান সরকারের সফলতা বলে দাবি করেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব।

এসময় সরকারের কর্মকাণ্ড সফল করতে মহিলা দলের নেত্রীদের প্রতি আহবান জানান রিজভী ।।

নারীদের শিক্ষার আলোয় আলোকিত হয়ে সমাজে অবদান রাখার প্রতিও গুরুত্বারোপ করেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব।

পরে প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে থেকে একটি র‍্যালি বের করে জাতীয়তাবাদী মহিলা দল।

LENS ASIA